
জরিপ কার্যক্রমে তথ্য দিন
স্মার্ট বাংলাদেশ বিনির্মানে অংশ নিন।




# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪
# Survey on Private Educational Institutions 2024

## প্রকল্পের পটভূমি

বর্তমানে বিবিএস বার্ষিক জিডিপি প্রণয়ন করছে। ব্যবারকারীর দিক থেকে, বিশেষ করে বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক থেকে QGDP প্রণয়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। এছাড়া বাংলাদেশের জাতীয় হিসাবকে আন্তর্জাতিক মানে উন্নিত করণের ক্ষেত্রেও QGDP প্রণয়ন করার বিষয়ে বিশেষ চাহিদা রয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত পরিসংখ্যান উন্নয়নে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS)-এর ৭৮ নং পৃষ্ঠায় Compilation of Quarterly and Regional/District GDP শিরোনামে QGDP এবং DGDP কে Top priority ভিত্তিতে ৩ নং Strategic goal হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। পাশাপাশি এসডিজি ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। সর্বোপরি বাংলাদেশ Enhanced General Data Dissemination System (e-GDDS) থেকে Special Data Dissemination Standard (SDDS) এর সীমানায় প্রবেশ করবে।

অপরদিকে দেশের নীতি নির্ধারক, গবেষক এবং উন্নয়ন পরিকল্পনাবিদগণের মতে বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে দেশের প্রতিটি অঞ্চল/জেলার জিডিপি ও প্রবৃদ্ধি হার প্রণয়ন করা অপরিহার্য। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং কর্তৃক অত্র প্রকল্পের মাধ্যমে জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## প্রকল্পের উদ্দেশ্যসমূহ :

**প্রধান উদ্দেশ্য:**

ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলা ভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের জাতীয় ও জেলা পর্যায়ের অর্থনৈতিক গতি প্রকৃতি নিরূপণ।

**সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:**

০১. ত্রৈমাসিক ও জেলাভিত্তিক জিডিপি প্রাক্কলনের জন্য শিক্ষাসেবা সংক্রান্ত জরিপ এবং কুরিয়ার সেবাখাত, নির্মাণ খাত, NPISH, মানি এক্সচেঞ্জ সেবাখাত, Arts and Entertainment সহ প্রয়োজনে অন্যান্য কেসস্টাডি সমূহ পরিচালনা ও প্রতিবেদন প্রস্তুত করা:
০২. দেশের জেলাভিত্তিক জিডিপি (DGDP) প্রণয়ন করা।
০৩. ISIC Revision ৪ অনুযায়ী ১৯টি শিল্প খাত সম্বলিত জেলা প্রোফাইল প্রস্তুত করা।
০৪. ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) প্রাক্কলন উন্নয়ন করার লক্ষ্যে সেবাখাতের ত্রৈমাসিক তথ্য সংগ্রহের মাধ্যমে সেবা উৎপাদন সূচক-Index of Service Production (ISP) প্রণয়ন করা।
০৫. Enhanced General Data Dissemination (e-GDDS) System থেকে Special Data Dissemintion Standard (SDDS) দেশ হিসেবে উন্নীতকরণে ভূমিকা পালন করা।
০৬. ডিজিটাল পদ্ধতিতে তথ্য উপাত্ত সংগ্রহে প্রয়োজনীয় মোবাইল অ্যাপলিকেশন প্রস্তুত, ইনস্টলেশন, কমিশনিং এবং সার্ভারে স্টোরিং নিশ্চিতকরণ করা।
০৭. পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ও জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশল (NSDS) বাস্তবায়নে নীতি নির্ধারক, গবেষক, উন্নয়ন সহযোগী সংস্থা প্রভৃতিকে সহায়তাসহ সংশ্লিষ্ট তথ্য প্রদানকারী সংস্থাকে ত্রৈমাসিক ও জেলা ভিত্তিতে তথ্য সরবরাহে দক্ষতা বৃদ্ধিকল্পে প্রয়োনীয় প্রশিক্ষণ প্রদান করা।

## প্রকল্পের আওতায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪ এর পটভূমি:

গত দেড় দশকে বাংলাদেশ শিক্ষার সুযোগ সম্প্রসারণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এ সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, বিশেষ করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ার পাশাপাশি ছাত্র-ছাত্রীর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। এর ফলে, শিক্ষা খাত সংশ্লিষ্ট অর্থনীতিতে উল্লেখযোগ্য কাঠামোগত পরিবর্তন সাধন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিও ত্বরান্বিত হয়েছে। বাংলাদেশের স্থুল দেশজ উৎপাদ (জিডিপি)-এ শিক্ষা খাতের অবদান এবং অর্থনৈতিক গতিশীলতাকে আরও সুন্দরভাবে প্রতিফলিত করার নিমিত্ত এবং এ সংশ্লিষ্ট প্রাক্কলনসমূহকে অধিকতর মানসম্পন্ন এবং পূর্ণাঙ্গ করার উদ্দেশ্যে বিবিএস কর্তৃক সারাদেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানের উপর এই জরিপটি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশের অর্থনীতির উনিশটি আইএসআইসি (ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড) খাতের মধ্যে শিক্ষা একটি ক্রমবর্ধমান পরিষেবা খাত। সরকারি ও বেসরকারি উভয় কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষা সেবা প্রদান করা হয়। পাবলিক শিক্ষার তথ্য সরকারি বাজেট নথি থেকে পাওয়া যায়। কিন্তু বেসরকারি শিক্ষা সেবা খাতে নির্ভরযোগ্য হালনাগাদ তথ্যের ঘাটতি রয়েছে। এই অত্যাবশ্যক খাতে তথ্যের ঘাটতি পূরণ করতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক ১৯৯৭ সালে বেসরকারি শিক্ষা সেবার ওপর প্রথমবার এবং পরবর্তীতে ২০০৭ সালে দ্বিতীয়বারের মতো একটি জরিপ পরিচালিত হয়। যেহেতু সময়ের পরিবর্তনে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ও ধরণ উল্লেখযোগ্যভাবে বেড়েছে এবং পুরানো (২০০৭) তথ্য দিয়ে বেসরকারি শিক্ষা খাতের যথাযথ প্রতিফলন সম্ভব নয়। ফলে তথ্য হালনাগাদ করার জন্য এবং এর কভারেজ বৃদ্ধির জন্য, বিবিএস বেসরকারি শিক্ষা পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর উপর একটি ফলো-আপ জরিপ পরিচালনা করতে যাচ্ছে অত্র প্রকল্পের মাধ্যমে।

**জরিপের উদ্দেশ্যসমূহ:**

* ত্রৈমাসিক ভিত্তিতে শিক্ষাখাতে আউটপুট (Output), মধ্যবর্তী ভোগ (IC) এবং মূল্য সংযোজন (GVA) নিরূপণ;
* শিক্ষা খাতের ব্যয়যোগ্য আয় এবং সঞ্চয় নিরূপণ;
* ত্রৈমাসিক ভিত্তিতে শিক্ষা খাতের অপারেটিং সারপ্লাস (Operating Surplus) নিরূপণ;
* শিক্ষা খাতে সিকোয়েন্স অব অ্যাকাউন্টস (Sequence of Accounts) নিরূপণ প্রবৃদ্ধি।

**ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং**
**জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন প্রকল্প**
**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়**

CamScanner